দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

তারিখ 15 AUG 1988
পৃষ্ঠা 2 কলাম 7

## বেসরকারী শিক্ষকদের ভাতা

বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় কলেজ ও মাদ্রাসা শিক্ষকদের সরকারী কল্যাণ ভাতা প্রতি তিন মাস অন্তর প্রদানের ব্যবস্থা পরিবতন করিয়া জুলাই '৮৯ হইতে প্রতি মাসে প্রদানের সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। নিঃসন্দেহে ইহা সুখের বিষয়; কিন্তু এই ভাতা যদি প্রধান ব্যাংক হইতে মাসের প্রথমদিকে ছাড়া হয়, তাহা হইলে শাখা ব্যাঙ্ক সমূহে তাহা পৌঁছিতে পৌঁছিতে মাসের অর্ধেক সময় পার হইয়া যাইবে। সুতরাং সরকারের প্রতি আবেদন, প্রধান ব্যাঙ্ক হইতে ভাতা পূর্ব মাসের শেষের দিকে বা এমন সময়ে ছাড়া হউক, যাহাতে শিক্ষকদের হাতে মাসের প্রথম দিকে আসিয়া পৌঁছিতে পারে।

—মোঃ মাহবুবুল আলম, সহকারী শিক্ষক, টঙ্গী পাইলট উচ্চ বিদ্যালয়, টঙ্গী, গাজীপুর।